স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৫ ও জুন, ২০১৬

বাংলা (Bengali)

সহায়ক পাঠক্রম (Subsidiary)

তৃতীয় পত্র [(S-3) SBG-III : Upanyas-Chhoto Golpo-Probondho-Natak]

সময় ঃ তিন ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসকে 'ঐতিহাসিক উপন্যাস' বলা কতদূর সংগত, বিচার করুন।

(খ) সুন্দরের সংজ্ঞা কৈলাস ডাক্তারবাবুর উপলব্ধিতে কীভাবে প্রতিভাত হয়েছে, আলোচনা করুন।

(গ) রম্য রচনা হিসেবে 'বই কেনা'র সার্থকতা কোথায় ?

(ঘ) 'নবান্ন' নাটকের প্রেক্ষাপট সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) কপালকুণ্ডলাকে প্রায় সর্বদাই অন্ধকারে দেখানো হয়েছে, দিনের উজ্জ্বল আলোয় তাকে আমরা বিশেষ দেখতে পাই না। এর কোনও বিশেষ তাৎপর্য আছে বলে আপনার মনে হয় কি ?

(খ) 'পুঁইমাচা' গল্পে পুঁই গাছটি কীভাবে প্রতীকায়িত হয়েছে ?

(গ) পাশ্চাত্য গীতিকবিতার ক্রমবিকাশের রূপরেখাটি বঙ্কিমচন্দ্রের 'গীতিকাব্য' প্রবন্ধের নিরিখে তুলে ধরুন।

(ঘ) শূদ্র জাগরণের প্রাক্‌কালে শূদ্রদের কর্তব্য প্রসঙ্গে বিবেকানন্দের নির্দেশ ব্যক্ত করুন।

(ঙ) 'নিয়মের রাজত্ব' প্রবন্ধে কীভাবে বিজ্ঞান ও দর্শনের সমন্বয় ঘটেছে ?

(চ) 'হুতোমপ্যাঁচার নক্‌শা'র 'চড়ক' নিবন্ধ অবলম্বনে প্রাবন্ধিকের সমাজ-মনস্কতার পরিচয় দিন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) 'তোমাদের ঘরের বউয়ের যতটা বুদ্ধির দরকার বিধাতা অসতর্ক হয়ে আমাকে তার চেয়ে অনেকটা বেশি দিয়ে ফেলেছেন, সে আমি এখন ফিরিয়ে দিই কাকে।' — মৃণালের এই বক্তব্যের কারণ কী ?

(খ) সৈয়দ মুজতবা আলী-র মতে বাঙালির বই কেনার প্রতি বিরাগ কেন ?

(গ) 'চড়ক'-এ ব্যবহৃত অশ্লীল শব্দের পাঠান্তে আপনি কি একে অশ্লীল বলবেন ? মতের পক্ষে বা বিপক্ষে যুক্তি দিন।

(ঘ) 'মহানিয়ম' বলতে রামেন্দ্রসুন্দর ত্রিবেদী কী বুঝিয়েছেন ?

(ঙ) বঙ্কিমচন্দ্র অনুসরণে 'গীতিকাব্য'র সংজ্ঞা দিন।

(চ) 'শূদ্র জাগরণ' প্রবন্ধে 'বিপ্লবের অগ্রগামী ধ্বজা' বলতে লেখক কী বুঝিয়েছেন ?

(ছ) টীকা লিখুন : গণনাট্য আন্দোলন।

(জ) 'জানি প্রধান, মানি তোমার আশঙ্কা' — প্রধানের আশঙ্কাটি কী ছিল ?